দৈনিক ইনকিলাব

তারিখ 0 3 SEP 1986
পৃষ্ঠা 4 কলাম 1



## উপজেলা পরিক্রমা

# চরফ্যাশন

॥ জাকির হোসেন মহিন ॥

ভোলা জেলা সদর থেকে প্রায় ৪৫ মাইল দূরে চরফ্যাশন উপজেলা। এ উপজেলার সমস্যা অনেক, প্রধান সমস্যাগুলো হলো, বিদুৎ যোগাযোগ, কৃষি, শিক্ষা, টেলিফোন, হাট-বাজার ব্যবস্থা, জনস্বাস্থ্য। এছাড়াও আবাসিক সমস্যা এখানে চরম আকার ধারণ করেছে।

### যোগাযোগ ব্যবস্থা

উপজেলার যোগাযোগ ব্যবস্থা খুবই করুণ। ৪৫ মাইল যেতে সময় লাগে ৬ ঘন্টা। এ ৪৫ মাইল রাস্তার লালমোহন পর্যন্ত ৩০ মাইল পাকা, বাকি ১৫ মাইল কাঁচারাস্তা। বর্ষার শুরুতে এ ১৫ মাইল কাঁচারাস্তা চলাচলের সম্পূর্ণ অযোগ্য হয়ে পড়ে। এ সময় বাস তেমন চলে না, গরুর গাড়িওয়ালা ও রিক্সা চালকরা এর সুযোগ গ্রহণ করে। জেলা শহর ভোলার সাথে উপজেলা চরফ্যাশনের যোগাযোগের একমাত্র মাধ্যম এ সড়কটির অবস্থা খুবই করুণ। ফলে চরফ্যাশনবাসীরা চরম দুর্ভোগ পোহাচ্ছে।

### কৃষি ব্যবস্থা

এ উপজেলার শতকরা ৯৫ ভাগ লোকই কৃষির উপর নির্ভরশীল। কিন্তু এ উপজেলার কৃষি ব্যবস্থা এখনো সে প্রাচীন আমলের, উন্নতির জন্য কোন বাস্তব পদক্ষেপ নেয়া হয়নি। কৃষকরা সার, বীজ, কীটনাশক ও সেচের ব্যাপারে চাষীরা দুর্ভোগ পোহাচ্ছেন। তাছাড়া উপজেলায় বিল এলাকায় স্লুইস গেটের অভাবে প্রতি বছর প্রায় ৫ হাজার একর জমির ফসল বন্যায় ভেসে যায়।

### শিক্ষা ব্যবস্থা

শিক্ষাক্ষেত্রে চরফ্যাশন উপজেলা অনেক পিছিয়ে আছে। শিক্ষিতের হার শতকরা মাত্র ৫ ভাগ। এখানে ১টি কলেজ, ৮টি উচ্চ বিদ্যালয়, ১টি বালিকা বিদ্যালয় ও ৫০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। উপজেলার প্রাথমিক শিক্ষার হাল খুবই নাজুক। কোথাও ঘর নেই, কোথাও বেড়া নেই। প্রয়োজনীয় শিক্ষকসহ চেয়ার, বেঞ্চ, ব্লাকবোর্ডের অভাব। একমাত্র কলেজ ও উচ্চ বিদ্যালয়গুলোর অবস্থাও খুব ভাল নয়। উপজেলার অধিকাংশ লোকেরই অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ। ইচ্ছে থাকলেও অধিকাংশ পরিবারের ছেলে-মেয়েদের স্কুল-কলেজে পাঠাতে পারে না।

### বিদ্যুৎ ব্যবস্থা

উপজেলায় বিদ্যুৎ বিভ্রাট একটি নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সর্বত্র বিদ্যুৎ লাইন আছে ঠিকই, কিন্তু নিয়মিত বিদ্যুৎ বিভ্রাটের জন্য বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান ও আবাসিক গ্রাহকদের ভোগান্তির শেষ নেই। এখানে প্রতি রাতেই বিদ্যুৎ থাকে না। এ জন্য স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের লেখা পড়ার দারুণ বিঘ্ন ঘটছে।

### হাট-বাজার

হাট-বাজার এ উপজেলার একটি বিরাট সমস্যা। নিয়মিত বাজার না থাকায় জনসাধারণকে সপ্তাহের দু'দিনের হাটের জন্য অপেক্ষা করতে হয়। এখানে ক্রেতাদের জরুরীভাবে কিছু কিনতে হলে গ্রাম অঞ্চল থেকে উপজেলা সদর বাজারে দৌড়াতে হয়।